**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.moa.gov.bd

**কৃষিই সমৃদ্ধি**

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৮তম সভার কার্যবিবরণী

**আলোচ্য বিষয় ৬। কারিগরি কমিটি পুনর্গঠন।**

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>'বীজ আইন, ২০১৮' এর ধারা ৬ মোতাবেক জাতীয় বীজ বোর্ডের অধীনে কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য 'কারিগরি কমিটি' পুনর্গঠনের প্রয়োজন। ইতোপূর্বে জাতীয় বীজ বোর্ডের অনুমোদিত ১৫সদস্য বিশিষ্ট 'কারিগরি কমিটি' বর্তমানে কার্যকর রয়েছে (পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)। কমিটি পুনর্গঠনের জন্য সিড রেগুলেটরি রিফর্ম কমিটির সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। বিষয়টি বীজ বোর্ডের কার্যাবলি সংশ্লিষ্ট বিধায় পুরাতন কমিটি বিলুপ্ত করে নতুনভাবে কমিটি পুনর্গঠন এবং এর কার্যপরিধি নিম্নোক্তভাবে নির্ধারণ করার জন্য প্রস্তাব উপস্থাপন করা হলো।</td><td>কারিগরি কমিটি এবং এর কার্যপরিধি নিম্নোক্তভাবে পুন:নির্ধারণ করা হলো।<br>০১। কারিগরি কমিটি:<br>(১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল; — সভাপতি<br>(২) অধ্যাপক ড. লুৎফুল হাসান/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়; — সদস্য<br>(৩) অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া/ প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়; — সদস্য<br>(৪) অধ্যাপক ড. নাসরিন আক্তার আইভি/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়; — সদস্য<br>(৫) সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল; — সদস্য<br>(৬) মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন; — সদস্য<br>(৭) পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; — সদস্য<br>(৮) পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; — সদস্য<br>(৯) পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট; — সদস্য<br>(১০) পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট; — সদস্য<br>(১১) পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট; — সদস্য<br>(১২) পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট; — সদস্য<br>(১৩) পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট; — সদস্য<br>(১৪) পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট; — সদস্য<br>(১৫) প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়; — সদস্য<br>(১৬) অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি; — সদস্য<br>(১৭) কটন এগ্রোনমিষ্ট/প্রতিনিধি, তুলা উন্নয়ন বোর্ড — সদস্য<br>(১৮) বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি; — সদস্য<br>(১৯) সভাপতি/প্রতিনিধি, বাংলাদেশ সোসাইটি অব সিড টেকনোলজি; — সদস্য<br>(২০) সভাপতি/ প্রতিনিধি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি; — সদস্য<br>(২১) কৃষক প্রতিনিধি ১জন; — সদস্য<br>(২২) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি। — সদস্যসচিব<br>০২। এই কমিটি প্রয়োজনে অন্য কাউকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে;<br>এই কমিটির কার্যপরিধি নিম্নরূপ:<br>(ক) বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্ভাবিত/আমদানিকৃত নিয়ন্ত্রিত ফসলের নতুন জাত নির্ধারিত পদ্ধতি অনুযায়ী মূল্যায়ন করে ফসলের জাত ছাড়করণ, নিবন্ধন এবং এ সম্পর্কিত যাবতীয় বিষয়ে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য সুপারিশ করা;<br>(খ) নিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণ ও নিবন্ধনের জন্য গাইডলাইন প্রণয়ন, সংশোধন ও পরিবর্তন এবং অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ প্রদান;<br>(গ) দেশের বিদ্যমান নিয়ন্ত্রিত ফসলের ছাড়কৃত ও নিবন্ধিত জাতের ডিনোটিফিকেশন জন্য প্রয়োজনীয় পরীক্ষা করা এবং ডিনোটিফিকেশন জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ প্রদান;<br>(ঘ) ফসলের জাত পরীক্ষার জন্য মাঠ মূল্যায়ন দল গঠনের প্রস্তাব জাতীয় বীজ বোর্ডে প্রেরণ এবং মাঠ মূল্যায়ন দলের কাজ তদারকি এবং প্রতিবেদন যাচাই;<br>(ঙ) কোনো ফসল বা জাতের চাষাবাদে রোগ অথবা পোকামাকড়ের প্রাদুর্ভাব ও দেশের জন্য ক্ষতিকারক ফসল বা জাতের চাষাবাদ না করার সুপারিশ প্রদান;<br>(চ) ফসলের গবেষণা ও জাত সংরক্ষণের বিষয়ে বীজ বোর্ডকে পরামর্শ প্রদান;<br>(ছ) সম্ভাবনাময় ফসল বা জাতের চাষাবাদ বৃদ্ধিতে জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান;<br>(জ) জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্তের আলোকে অর্পিত অন্যান্য দায়িত্ব।</td></tr>
</table>